রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১২, ২০২৫

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**জেলা প্রশাসকের কার্যালয়**
**এল.এ. শাখা, কুমিল্লা।**

**সংশোধনী বিজ্ঞপ্তি**

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩২/২৯ এপ্রিল ২০২৫

**বিষয়: কুমিল্লা জেলার এল.এ কেস নং ১৭/২০২১-২২ মূলে অধিগ্রহণকৃত ভূমির প্রকাশিত গেজেট সংশোধন প্রসঙ্গে।**

সূত্র: বাংলাদেশ গেজেট, ফেব্রুয়ারি ১৫, ২০২৪

**নং এল.এ কেস নং-১৭/২০২১-২২-১২১**—উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিত জানানো যাচ্ছে যে, এল.এ কেস নং ১৭/২০২১-২২ মূলে অধিগ্রহণকৃত ভূমির গেজেটে কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলাধীন ৪৮নং বারেরা মৌজার ১৩৯৬নং খতিয়ানভুক্ত ১২৯৬ দাগের পরিবর্তে ১৩৯৬ দাগ প্রকাশিত হয়েছে। ১৩৯৬ নং খতিয়ানভুক্ত ১৩৯৬ দাগের স্থলে ১২৯৬ দাগ হবে মর্মে সংশোধন হবে।

এমতাবস্থায়, এল.এ কেস নং-১৭/২০২১-২২ এর গেজেটটি নিম্নোক্ত 'ছক' মোতাবেক সংশোধনপূর্বক সংশোধিত গেজেটে প্রকাশ করা হলো।

**তফসিল**

**জেলা: কুমিল্লা, উপজেলা: দেবিদ্বার, মৌজা: বারেরা, জেল নম্বর: ৪৮**

| খতিয়ান বি.এস | দাগ | দাগে মোট জমি (একর) | অধিগ্রহণকৃত ভূমি (একর) |
|---|---|---|---|
| ১৩৯৬ সৃজিত ২৯০৪ | ১২৯৬ | ০.২৫০০ | ০.১৮০০ |

**ফাহ্‌মিদা মুস্তফা**
অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব)।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**গৌরনদী, বরিশাল।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৪ বৈশাখ, ১৪৩২/০৭ মে, ২০২৫

**নং ০৫.১০.০৬৩২.০০০.০৮.০৯৪.২৫.৪৮৪**—বরিশাল জেলার গৌরনদী উপজেলাধীন ০৬নং বাটাজোর ইউনিয়ন পরিষদের ০১নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য জনাব মোঃ বাদল তালুকদার গত ১৯-০৪-২০২৫ তারিখ (১৮-০৪-২০২৫ তারিখ দিবাগত রাত ০২.৩০ ঘটিকায়) হৃদরোগে আক্রান্ত হয়ে নিজ বাসভবনে মৃত্যুবরণ করেছেন।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১)(ঙ) ধারার বিধান মতে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি রিফাত আরা মৌরি, উপজেলা নির্বাহী অফিসার, গৌরনদী, বরিশাল অত্র গৌরনদী উপজেলার অন্তর্গত ০৬নং বাটাজোর ইউনিয়ন পরিষদের ০১নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি ১৯-০৪-২০২৫ খ্রি. তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**রিফাত আরা মৌরি**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৫ জ্যৈষ্ঠ ১৪৩২/১৯ মে ২০২৫

**নং ০৫.৪২.১২৯০.০০০.০২.০১৩.২৫-৪৭৪**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার ক্ষমতাবলে আমি শাহীনা নাছরিন, উপজেলা নির্বাহী অফিসার, নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া চেয়ারম্যান, ১৩নং ধরমন্ডল ইউনিয়ন পরিষদ, নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া এর ২৯-০৪-২০২৫ খ্রি. তারিখের ধইউপি/নাসির/২০২৫(৪২) নং স্মারকের প্রতিবেদনপ্রাপ্ত হইয়া এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করিতেছি যে, নাছিরনগর উপজেলাধীন ১৩নং ধরমন্ডল ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব মো: ইনুছ মিয়া গত ২৪-০৪-২০২৫ খ্রি. তারিখে মৃত্যুবরণ করিয়াছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার বিধানবলে ২৪-০৪-২০২৫ খ্রি. তারিখ হইতে আমি নিম্নস্বাক্ষরকারী নাছিরনগর উপজেলার ১৩নং ধরমন্ডল ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করিলাম।

**শাহীনা নাছরিন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**নওগাঁ সদর, নওগাঁ।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪৩২/১৮ মে ২০২৫

**নং ০৫.৪৩.৬৪৬০.০০০.১৫.০৮.২০২৫-৫৯৫**—নওগাঁ জেলার নওগাঁ সদর উপজেলাধীন বোয়ালিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোছাঃ আফেলাতুন নেছা তার শারীরিক অসুস্থতা এবং বয়োঃবৃদ্ধির কারণে সেচ্ছায়, স্বজ্ঞানে এবং বিনা প্ররোচনায় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের পদ হতে অব্যাহতি চেয়ে ১৩-০৫-২০২৫ তারিখের ২৩/২০২৫ নং স্মারকে নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদন দাখিল করলে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩২(২) অনুযায়ী তাঁর পদত্যাগ পত্র নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গৃহীত হয় এবং পদত্যাগপত্রটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, নওগাঁ মহোদয় বরাবর প্রেরণ করা হয়। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১)(ঘ) ও ৩৫(২) ধারা অনুযায়ী আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ ইবনুল আবেদীন, উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁ উক্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদটি ১৪-০৫-২০২৫ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোঃ ইবনুল আবেদীন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**খাদ্য অধিদপ্তর**
**তদন্ত ও মামলা শাখা, প্রশাসন বিভাগ**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ/১৪ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **১৩.০১.০০০০.০৩৩.২৭.০৪৭.২৩.৫২৬**—যেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম, খাদ্য পরিদর্শক ও প্রাক্তন ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাময়িক বরখাস্ত) আড়পাড়া এলএসডি, শালিখা, মাগুরা হিসাবে ১০-০৪-২০২১ হতে ২৯-১২-২০২২ খ্রি. পর্যন্ত কর্মকালে আড়পাড়া এলএসডি, শালিখা, মাগুরায় সংঘটিত মজুতকৃত খাদ্যশস্যের মজুত অব্যবস্থাপনার পরিপ্রেক্ষিতে গঠিত অভ্যন্তরীণ বিশেষ নিরীক্ষা কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আপত্তি নং ১ অনুযায়ী রেকর্ড মোতাবেক মজুত অপেক্ষা বাস্তবে ৫১৯৮ বস্তায় ১৮৯.৯৮ মে. টন চাল খামালে কম/ঘাটতি থাকায় সরকারি ক্ষতি ৮৯,৬৫,৯০৮.৭৯ টাকা যা দণ্ডমূলক দ্বিগুণ হারে ১,৭৯,৩১,৮১৭.৫৮ টাকা সরকারি ক্ষতি সাধন করেন, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

২। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-২ অনুযায়ী প্রকৃত মজুত অপেক্ষা ৩০ কেজি ধারণক্ষমতার ৩৩ খানা ও ৫০ কেজি ধারণক্ষমতার ২২,৪৭৩ খানা মোট ২২,৫০৬ খানা খালি বস্তা খামালে কম/ঘাটতি থাকায় সরকারি ক্ষতি ২২,৪৯,২৮০ টাকা (৩০ কেজি ধারণক্ষমতার প্রতিটি খালি বস্তা ৬০ টাকা ও ৫০ কেজি ধারণক্ষমতার প্রতিটি খালি বস্তা ১০০ টাকা হিসাবে) যা, দণ্ডমূলক দ্বিগুণ হারে ৪৪,৯৮,৫৬০/- টাকা, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

৩। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-৩ অনুযায়ী বোরো/২১ মৌসুমে চাল সংগ্রহ খাতে ৩০ কেজি ধারণক্ষমতার ৭৮৯ খানা বস্তা অতিরিক্ত বিলি করায় খালি বস্তার মূল্য প্রতিটি ৭০ টাকা হিসাবে দণ্ডমূলক দ্বিগুণ হারে ১,১০,৪৬০/- টাকা সরকারি ক্ষতি সাধন করেছেন, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

৪। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-৪ অনুযায়ী প্রকৃত কৃষকের নিকট হতে ৫১.০০ মে. টন ধান ক্রয় না করে সরাসরি বাজার হতে সংগ্রহ মূল্যের চেয়ে কম মূল্যে ক্রয় করায় সরকারি আর্থিক ক্ষতি ১,০২,০০০/- টাকা, যা দণ্ডমূলক দ্বিগুণ হারে ২,০৪,০০০/- টাকা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

৫। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি অনুযায়ী সরকারের দণ্ডমূলক দ্বিগুণ হারে মোট (১,৭৯,৩১,৮১৭,৫৮.০০+ ৪৪,৯৮,৫৬০.০০+ ১,১০,৪৬০.০০+২,০৪,০০০.০০)=২,২৭,৪৪,৮৩৭.৫৮ টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

৬। যেহেতু, উল্লিখিত অভিযোগের ভিত্তিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও (ঘ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে খাদ্য অধিদপ্তরের ০২-০৭-২০২৩ খ্রি. এর ১৩.০১.০০০০.০৩৩.২৭.০৪৭.২৩.৫৪৩ নং স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

৭। যেহেতু, তিনি বিভাগীয় মামলার জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানি প্রদানের ইচ্ছা পোষণ করেন। তৎপ্রেক্ষিতে গত ১৪-১১-২০২৩ খ্রি. তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; ব্যক্তিগত শুনানি অন্তে তার বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলায় গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য জনাব মোহাম্মদ বাবুল হোসেন, প্রাক্তন জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়াকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। জনাব মোহাম্মদ বাবুল হোসেন, প্রাক্তন জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

৮। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিযুক্তের বিরুদ্ধে বিশেষ হিসাব নিরীক্ষায় আপত্তি নং ১,২,৩,৪,৫,৬,৭ এবং ৮ এর ভিত্তিতে আনীত অভিযোগসমূহের মধ্যে আপত্তি নং ৪ অনুযায়ী তার বিরুদ্ধে প্রকৃত কৃষকের নিকট হতে সংগ্রহের ধান ক্রয় না করার অভিযোগ এবং আপত্তি নং-৫ অনুযায়ী জামানত না নিয়ে ধান ছাঁটাই বরাদ্দ প্রদানের অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। আপত্তি নং ৪ এর সাথে দ্বিগুণ হারে ২,০৪,০০০/- টাকা জড়িত। আপত্তি নং ৪ ও ৫ প্রমাণিত না হওয়ার প্রেক্ষিতে অভিযোগনামায় বর্ণিত দণ্ডমূলক দ্বিগুণ হারে ২,২৭,৪৪,৮৩৭.৫৮ টাকার পরিবর্তে (২,২৭,৪৪,৮৩৭.৫৮-২,০৪,০০০) টাকা=২,২৫,৪০,৮৩৭.৫৮ (দুই কোটি পঁচিশ লাখ চল্লিশ হাজার আটশত সাঁইত্রিশ দশমিক পাঁচ আট) টাকা তার নিকট হতে আদাযোগ্য; এবং

৯। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার অবশিষ্ট আপত্তিসমূহের (আপত্তি নং ১,২,৩, ৬,৭ ও ৮) সাথে সংশ্লিষ্ট অভিযোগসমূহ অর্থাৎ রেকর্ড মোতাবেক প্রকৃত মজুদ অপেক্ষা বাস্তবে চাল ও খালিবস্তা ঘাটতি, বোরো/২১ মৌসুমে চাল সংগ্রহ খাতে অতিরিক্ত সংখ্যক বস্তা বিতরণ, ইস্যুকৃত WQSC তে সংগ্রহকারী কর্মকর্তা হিসাবে তার স্বাক্ষর না থাকা, এলএসডির বিভিন্ন রেকর্ডপত্র হালনাগাদ সংরক্ষণে ব্যর্থতা, দীর্ঘদিন অতিবাহিত হওয়া সত্ত্বেও আড়পাড়া খাদ্যগুদাম হতে বিভিন্ন কেন্দ্রে প্রেরিত চাল ও খালিবস্তার ০৭টি ইনভয়েসের ২য় কপি ফেরৎ না আসার বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের তার ব্যর্থতা বিষয়ক অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় জনাব মোঃ শফিকুল ইসলাম, খাদ্য পরিদর্শক ও প্রাক্তন ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), আড়পাড়া এলএসডি, শালিখা, মাগুরা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) ও (ঘ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

১০। যেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম, খাদ্য পরিদর্শক ও প্রাক্তন ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), আড়পাড়া, এলএসডি, শালিখা, মাগুরা এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার অভিযোগ বিবরণী, অভিযুক্তের বিভাগীয় মামলার জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য; এবং

১১। সেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম, খাদ্য পরিদর্শক ও প্রাক্তন ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), আড়পাড়া এলএসডি, শালিখা, মাগুরা এর বিরুদ্ধে ন্যায় বিচারের স্বার্থে নিম্নোক্ত আদেশ প্রদান করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো:

(ক) জনাব মোঃ শফিকুল ইসলাম, খাদ্য পরিদর্শক ও প্রাক্তন ভারপ্রাপ্ত কর্মকর্তা, আড়পাড়া এলএসডি, শালিখা, মাগুরাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) মোতাবেক ০২(দুই) বছরের জন্য "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" সূচক দণ্ড প্রদান করা হলো।

(খ) তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে তাকে চাকুরিতে পুনর্বহাল করা হলো। তার সাময়িক বরখাস্তকাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য হবে।

(গ) তাকে সরকারি ক্ষতির দণ্ডমূলক দ্বিগুণ হারে ২,২৫,৪০,৮৩৭.৫৮ (দুই কোটি পঁচিশ লাখ চল্লিশ হাজার আটশত সাঁইত্রিশ দশমিক পাঁচ আট) টাকা আগামী তিন মাসের মধ্যে সংশ্লিষ্ট খাতে জমা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো। যথা সময়ে উক্ত টাকা সরকারি কোষাগারে জমা প্রদান না করলে 'সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩' মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান কর হলো।

১২। এ আদেশ অবিলম্বে কার্যকর করা হবে।

তারিখঃ ০৫ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ/১৯ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **১৩.০১.০০০০.০৩৩.২৭.০৮২.২৪.৫৫৬**—যেহেতু, জনাব শামসুন্নাহার, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পুঠিয়া, রাজশাহী হিসাবে গত ০৮-০২-২০২৩ হতে ১৭-০৪-২০২৪ খ্রি. পর্যন্ত কর্মরত ছিলেন। তার কর্মকালীন গত আমন সংগ্রহ/২৩-২৪ মৌসুমে তার আওতাধীন পুঠিয়া এলএসডিতে মোট ১৮১.৯৮০ মে. টন চালের বরাদ্দ প্রদান করা হয়। পরবর্তীতে উক্ত সংগ্রহ কার্যক্রমের সময়সীমা শুধুমাত্র আতপ চালের ক্ষেত্রে ১০-০৩-২০২৪ খ্রি. পর্যন্ত বর্ধিত করা হয়। সিদ্ধ চালের সংগ্রহের মেয়াদ বৃদ্ধি করা হয়নি; এবং

২। যেহেতু, সিদ্ধ চাল সংগ্রহের জন্য নির্ধারিত সময় সমাপনান্তে তার আওতাধীন পুঠিয়া এলএসডিতে সংগ্রহ ও মজুত সংক্রান্ত সমাপনী প্রতিবেদন যথা সময়ে জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরে প্রেরণ করেন। উক্ত প্রতিবেদনে সাপ্তাহিক চাল সংগ্রহের পরিমাণ ২৮.৩৫০ মে. টন এবং ক্রমপুঞ্জিত সংগ্রহের পরিমাণ ১৪৪.৬৩০ মে. টন। পরবর্তীতে উক্ত প্রতিবেদন সংশোধন করে ১০-০৩-২৪ খ্রি. তারিখে পুনরায় জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরে প্রেরণ করা হয়। উক্ত সংশোধিত প্রতিবেদনে আমন ২৩-২৪ মৌসুমে সিদ্ধ চালের সাপ্তাহিক সংগ্রহের পরিমাণ ২৮.৩৫০ মে. টনের স্থলে ৬৫.৭০০ মে. টন এবং ক্রমপুঞ্জিত সংগ্রহের পরিমাণ ১৮১.৯৮০ মে. টন দেখানো হয়। অর্থাৎ, সংশোধিত প্রতিবেদনে অতিরিক্ত ৩৭.৩৫০ মে. টন সিদ্ধ চাল ক্রয় দেখানো হয়। বিষয়টি গুরুতর বিবেচনায় অধিকতর যাচাইয়ে দেখা যায়, সিদ্ধ চাল সংগ্রহের সময়সীমা বৃদ্ধি না করা সত্ত্বেও নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর গত ০৬-০৩-২০২৪ খ্রি. তারিখে পুঠিয়া এলএসডিতে ৩৭.৩৫০ মে. টন সিদ্ধ চাল সংগ্রহ করা হয় এবং তিনি উক্ত সংগৃহীত চালের মূল্য পরিশোধ করেন। উপরন্তু, এই সংগ্রহকে বৈধতা প্রদানের লক্ষ্যে সকল রেকর্ডপত্র অবৈধভাবে সংশোধন করে সংশোধিত সংগ্রহ ও মজুত প্রতিবেদন তার স্বাক্ষরে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করেন। তার এরূপ কর্মকাণ্ড নৈতিকতার পরিপন্থি এবং অসদাচরণের নামান্তর; এবং

৩। যেহেতু, জনাব শামসুন্নাহার, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আত্রাই, নওগাঁ প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পুঠিয়া, রাজশাহী এর আওতাধীন পুঠিয়া এলএসডিতে আমন সংগ্রহ মৌসুমে সংগৃহীত ০২টি খামালের বেশ কিছু বস্তায় মিল এবং এলএসডির স্টেনসিল দেখা যায়নি; এবং

৪। যেহেতু, কিছু কিছু ক্ষেত্রে পুরাতন বস্তায় চাল সংগ্রহ করা হয়েছে এবং সংগৃহীত চালের বস্তার গায়ে একাধিক মিলের স্টেনসিল অঙ্কিত রয়েছে। তার নিয়মিত তদারকির অভাবে এরূপ অনিয়ম সংঘটিত হয়েছে, যা তার দায়িত্ব অবহেলা; এবং

৫। যেহেতু, উপর্যুক্ত কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা আনয়ন করা হয়। তিনি উক্ত বিভাগীয় মামলার জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। তৎপ্রেক্ষিতে গত ১৭-১২-২০২৪ খ্রি. তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানি অন্তে ঘটনা প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় ন্যায়বিচারের স্বার্থে বিষয়টি তদন্ত করার জন্য জনাব মোঃ হাসান আল নাঈম, জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। জনাব মোঃ হাসান আল নাঈম, জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনা তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

৬। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন হতে দেখা যায়, মেসার্স সাজিদ চাউল কল, প্রোপাইটার মোঃ কায়েম উদ্দিন ২০২৩-২৪, আমন সংগ্রহ মৌসুমে তার মিলের অনুকূলে ১৮২,০০০ মে. টন সিদ্ধ চালের বরাদ্দ পান। মিলার ২৮-০২-২০২৪ খ্রি. সকাল পর্যন্ত মোট ১৪৪.৬৩০ মে. টন চাল সরবরাহ করেন। তার নিকট ৩৭.৩৭০ মে. টন চাল সরবরাহ অবশিষ্ট থেকে যায়। ইতোমধ্যে খাদ্য মন্ত্রণালয়, ঢাকা এর অভ্যন্তরীণ সংগ্রহ শাখার স্মারক নং ৩৪, তারিখ ২৯-০২-২০২৪ মোতাবেক কেবলমাত্র আতপ চাল সংগ্রহের মেয়াদ বৃদ্ধি করা হলেও মিলারের নিকট হতে অবশিষ্ট ৩৭.৩৭০ মে. টন সিদ্ধ চাল ০৬-০৩-২০২৪ খ্রি. পুঠিয়া এলএসডিতে সংগ্রহ করা হয় এবং অভিযুক্ত মূল্য পরিশোধকারী কর্মকর্তা হিসেবে WQSC এর মাধ্যমে ০৬-০৩-২০২৪ খ্রি. সংগ্রহকৃত ৩৭.৩৭০ মে. টন সিদ্ধ চালের মূল্য পরিশোধ করেন। পরবর্তীতে পত্রটি বিস্তারিত অবলোকন করে অভিযুক্ত দেখেন যে, শুধু আতপ চালের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে সিদ্ধ চালের নয়। পুরো ঘটনাটি ভ্রমজনিত কারণে সংঘটিত হয়েছে। এত তার কোনো অসৎ উদ্দেশ্য ছিল না, তবে বিষয়টি আর্থিক হওয়ায় মূল্য পরিশোধকালে মেয়াদ বৃদ্ধির পুরো চিঠিটি ভালভাবে না দেখে সিদ্ধ চালের মূল্য WQSC এর মাধ্যমে পরিশোধ করার বিষয়টি অভিযুক্তের কর্তব্যে অবহেলার বহিঃপ্রকাশ তথা অসদাচরণ হিসেবে প্রতীয়মান হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। অর্থাৎ, উল্লিখিত কর্মকাণ্ডে অভিযুক্ত জনাব শামসুন্নাহার, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আত্রাই, নওগাঁ প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পুঠিয়া, রাজশাহী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

৭। যেহেতু, জনাব শামসুন্নাহার, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আত্রাই, নওগাঁ প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পুঠিয়া, রাজশাহী এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার অভিযোগ বিবরণী, অভিযুক্তের বিভাগীয় মামলার জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

৮। সেহেতু, জনাব শামসুন্নাহার, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আত্রাই, নওগাঁ প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পুঠিয়া, রাজশাহী এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার অপরাধের প্রকৃতি, পারিপার্শ্বিক অবস্থা, প্রাসঙ্গিক সকল বিষয় সার্বিকভাবে বিবেচনা করে ন্যায়বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২(ক) অনুযায়ী 'তিরস্কার' দণ্ড প্রদান করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

৯। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আবুল হাছানাত হুমায়ূন কবীর**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)।

---

**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**

**বিজ্ঞপ্তি**

তারিখঃ 22 MAY -25

নং **আরজেএসসি/ডি, এন/16967**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬(৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Jhenuk Pharmaceuticals (Pvt) Ltd. [K-726] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**(Md Rokib Ahmad Rony)**
Deputy Registrar.
**নিবন্ধকের পক্ষে।**

---

**আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা**
**শাখা-২**

**গণ-বিজ্ঞপ্তিসমূহ**

তারিখঃ ০৬ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ/২০ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: **পলাশ ইয়ার্ন ট্রেডিং এর বাণিজ্যিক আইআরসি নং-২৬০৩২৬১১০৩৭০৬১৯ বাতিলকৃত গণবিজ্ঞপ্তি।**

নং ২৬.০৩.২৬০০.০০০.০০২.২২.০০১১.২৫.৩২—এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "পলাশ ইয়ার্ন ট্রেডিং" ঠিকানা: ৫৬ এস.এম.মালেহ রোড, টানবাজার, নারায়ণগঞ্জ এর অনুকূলে অত্র দপ্তর হতে OLM এর মাধ্যমে জারীকৃত বাণিজ্যিক আইআরসি নং- ২৬০৩২৬১১০৩৭০৬১৯ তারিখ: ১৪-১২-২০০০ ট্র্যাকিং নম্বর: ০৮১৯৪৩৭৪৬০১৮০৯। প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর ১২ নং অনুচ্ছেদে বর্ণিত বিধান মোতাবেক উক্ত বাণিজ্যিক আইআরসি এতদ্দ্বারা বাতিল করা হলো।

২। **বাতিলকৃত বাণিজ্যিক আইআরসি নং**-২৬০৩২৬১১০৩৭০৬১৯ তারিখ: ১৪-১২-২০০০ এর মাধ্যমে কোনো প্রকার আমদানি করলে বা করার চেষ্টা করলে তা আইনত দণ্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে।

৩। অত্র গণ-বিজ্ঞপ্তি প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা পরিচালক কর্তৃপক্ষকে আইনগতভাবে কোনো দায়মুক্তি প্রদান করে না এবং বাতিলকৃত বাণিজ্যিক আইআরসির বিপরীতে পূর্বের কোনো দায়-দেনা উত্থাপিত হলে তা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক কর্তৃপক্ষের উপর বর্তাবে।

তারিখঃ ০৭ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ/২১ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ২৬.০৩.২৬০০.০০০.০০২.২২.০০০২.২৫.৩৩—এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'হাইভ ইন্টারন্যাশনাল" ঠিকানাঃ বাড়ী-৩২/৬/এ, ফ্ল্যাট-এ/৫, রোড-১০ ব্লক-খ, পি সি কালচার হাউজিং সোসাইটি, শেখেরটেক, আদাবর, ঢাকা এর **OLM** এর মাধ্যমে জারীকৃত আইআরসি সনদ নং-২৬০৩২৬১১০৮৪৫৮২০, তারিখঃ ১৭-০৪-২০১৬ সমর্পণ করায় প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর ১২ নং অনুচ্ছেদে বর্ণিত বিধান মোতাবেক উক্ত বাণিজ্যিক আইআরসি বাতিল করা হলো।

২। বাতিলকৃত আইআরসি সনদ নং-২৬০৩২৬১১০৮৪৫৮২০ তারিখ: ১৭-০৪-২০১৬ এর মাধ্যমে কোনো প্রকার আমদানি করলে বা করার চেষ্টা করলে তা আইনত দণ্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে।

৩। অত্র গণ-বিজ্ঞপ্তি প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগতভাবে কোনো দায়মুক্তি প্রদান করে না এবং আইআরসির বিপরীতে পূর্বের কোনো দায়-দেনা উত্থাপিত হলে তা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বর্তাবে।

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ/২২ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ২৬.০৩.২৬০০.০০০.০০২.২২.০০০৮.২৫.৩৭—এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইয়েসকন মেটাল প্রোডাক্টস, ঠিকানাঃ ৫০০, নালজানি, জয়দেবপুর রোড, গাজীপুর সদর, গাজীপুর-১৭০২ এর অনুকূলে অত্র দপ্তর হতে জারীকৃত বাণিজ্যিক আইআরসি নং-২৬০৩২৬১১০৩২৭৩১৯ তারিখ: ০৭-০৫-২০১৯ খ্রি.। প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর ১২ নং অনুচ্ছেদে বর্ণিত বিধান মোতাবেক উক্ত বাণিজ্যিক আইআরসি এতদ্দ্বারা বাতিল করা হলো।

২। এমতাবস্থায় গণবিজ্ঞপ্তি দ্বারা বাতিলকৃত বাণিজ্যিক আইআরসি নং-২৬০৩২৬১১০৩২৭৩১৯ তারিখঃ ০৭-০৫-২০১৯ খ্রি. এর মাধ্যমে কোনো প্রকার আমদানি করলে বা করার চেষ্টা করলে উহা আমদানি ও রপ্তানি নীতি আদেশ মোতাবেক দণ্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে।

৩। অত্র গণ-বিজ্ঞপ্তি প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগতভাবে কোনো দায়মুক্তি প্রদান করে না এবং বাতিলকৃত বাণিজ্যিক আইআরসির বিপরীতে পূর্বের কোনো দায়-দেনা উত্থাপিত হলে তা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বর্তাবে।

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ/২৪ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ২৬.০৩.২৬০০.০০০.০০২.২২.০০০২.২৫.৩৮—এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ইনার ভিশন বাংলাদেশ, ঠিকানা: ১২৩/১ আজিমপুর রোড, ঢাকা-১২০৫ এর OLM এর মাধ্যমে জারীকৃত আইআরসি সনদ নং-২৬০৩২৬১১০৭৫১৯২২, তারিখ: ১৯-০৩-২০২২ সমর্পণ করায় প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর ১২ নং অনুচ্ছেদে বর্ণিত বিধান মোতাবেক উক্ত বাণিজ্যিক আইআরসি বাতিল করা হলো।

২। বাতিলকৃত আইআরসি সনদ নং-২৬০৩২৬১১০৭৫১৯২২ তারিখ: ১৯-০৩-২০২২ এর মাধ্যমে কোনো প্রকার আমদানি করলে বা করার চেষ্টা করলে তা আইনত দণ্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে।

৩। অত্র গণ-বিজ্ঞপ্তি প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগতভাবে কোনো দায়মুক্তি প্রদান করে না এবং আইআরসির বিপরীতে পূর্বের কোনো দায়-দেনা উত্থাপিত হলে তা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বর্তাবে।

**মোঃ হাবিবুর রহমান সুমন**
সহকারী নিয়ন্ত্রক।

---

**শাখা-১**
**গণবিজ্ঞপ্তিসমূহ**

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ/২১ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ২৬.০৩.২৬০০.০০০.০০১.২২.০০১১.২৫.৭৮—এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **মেসার্স এসএম মেশিনারীজ** ঠিকানা: ৫১/১, নবাবপুর রোড, ঢাকা এর অনুকূলে এ দপ্তর হতে OLM এর মাধ্যমে জারীকৃত বাণিজ্যিক আইআরসি নং-২৬০৩২৬১১১৪৮২৯২০, তারিখ: ২১-০৭-১৯৯৯ খ্রি. প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর ১২ এবং ১৩ নং অনুচ্ছেদে বর্ণিত বিধান মোতাবেক উক্ত বাণিজ্যিক আইআরসি এতদ্দ্বারা বাতিল করা হলো।

২। বাতিলকৃত বাণিজ্যিক আইআরসি নং-২৬০৩২৬১১১৪৮২৯২০, তারিখ: ২১-০৭-১৯৯৯ খ্রি. এর মাধ্যমে কোনো প্রকার আমদানি করলে বা করার চেষ্টা করলে তা আইনত দণ্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে।

৩। অত্র গণ-বিজ্ঞপ্তি প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগতভাবে কোনো দায়মুক্তি প্রদান করে না এবং বাতিলকৃত বাণিজ্যিক আইআরসির বিপরীতে পূর্বের কোনো দায়-দেনা উত্থাপিত হলে তা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বর্তাবে।

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ/২২ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ২৬.০৩.২৬০০.০০০.০০১.২২.০০০৯.২৫.৮৩—এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **মেসার্স ফাহিম এ্যাটেয়ার অ্যান্ড কম্পোজিট লিমিটেড** ঠিকানা: কামারজুরী, বাররীপাড়া, জাতীয় বিশ্ববিদ্যালয়, জয়দেবপুর, গাজীপুর এর অনুকূলে এ দপ্তর হতে জারীকৃত পূর্বের ইআরসি নং র ০০৮৭০৩৭ তারিখ: ০৫-০৩-২০০৮ খ্রি. এবং নবায়ন বই নং-র ২৯৮২৩ হারিয়ে যাওয়ার প্রেক্ষিতে তা বাতিল করার জন্য ১০-০৪-২০২৫ খ্রি. তারিখে এ দপ্তরে আবেদনপত্রসহ ঢাকা জেলার ভাটারা থানায় এন্ট্রিকৃত সাধারণ ডায়েরী (জিডি) নং-২২৪৫, তারিখ: ২২-০৩-২০২৫ খ্রি. এবং দৈনিক মানবজমিন পত্রিকায় ০৯-০৪-২০২৫ খ্রি. তারিখে প্রকাশিত হারানো বিজ্ঞপ্তির কপি দাখিল করেছেন। প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর ১২ এবং ১৩ নং অনুচ্ছেদে বর্ণিত বিধান মোতাবেক উক্ত ইআরসি এতদ্দ্বারা বাতিল করা হলো।

২। ইআরসি নং- র ০০৮৭০৩৭ তারিখ: ০৫-০৩-২০০৮ খ্রি. এর মাধ্যমে কোনো প্রকার রপ্তানি করলে বা করার চেষ্টা করলে তা আইনত দণ্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে।

৩। অত্র গণ-বিজ্ঞপ্তি প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগতভাবে কোনো দায়মুক্তি প্রদান করে না এবং বাতিলকৃত ইআরসি এর বিপরীতে পূর্বের কোনো দায়-দেনা উত্থাপিত হলে তা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বর্তাবে।

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ/২৪ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ২৬.০৩.২৬০০.০০০.০০১.২২.০০১১.২৫.৮৯—এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **মেসার্স এম এস এগ্রো কেমিক্যালস কোম্পানি লিমিটেড** ঠিকানা: নোয়ার্দা, তেঘোরিয়া, কেরাণীগঞ্জ, ঢাকা এর অনুকূলে এ দপ্তর হতে OLM এর মাধ্যমে জারীকৃত বাণিজ্যিক আইআরসি নং ২৬০৩২৬১১১০৫২৬২০, তারিখ: ০২-০৯-২০০৭ খ্রি. প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর ১২ এবং ১৩ নং অনুচ্ছেদে বর্ণিত বিধান মোতাবেক উক্ত বাণিজ্যিক আইআরসি এতদ্দ্বারা বাতিল করা হলো।

২। বাতিলকৃত বাণিজ্যিক আইআরসি নং-২৬০৩২৬১১১০৫২৬২০, তারিখ: ০২-০৯-২০০৭ খ্রি. এর মাধ্যমে কোনো প্রকার আমদানি করলে বা করার চেষ্টা করলে তা আইনত দণ্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে।

৩। অত্র গণ-বিজ্ঞপ্তি প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগতভাবে কোনো দায়মুক্তি প্রদান করে না এবং বাতিলকৃত বাণিজ্যিক আইআরসির বিপরীতে পূর্বের কোনো দায়-দেনা উত্থাপিত হলে তা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বর্তাবে।

**মোহাম্মদ সুমন মাহবুব**
সহকারী নিয়ন্ত্রক।

**জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ।**

**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর**

**অধিগ্রহণ মামলা নং-০৯/২০১৮-২০১৯**

**ফরম-ঘ**

**(৫নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১৩(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে "মুড়াপাড়া ফেরীঘাট রাস্তায় শীতলক্ষ্যা নদীর উপরে ৫৭৬.২১৪ মিটার দীর্ঘ সেতু নির্মাণ কাজের সংযোগ সড়ক নির্মাণ" প্রকল্পের জন্য অধিগ্রহণ করা হয়েছে এবং তদনুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ১৩(১) নং ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

**জেলাঃ নারায়ণগঞ্জ, উপজেলাঃ রূপগঞ্জ, মৌজাঃ মাঝিনা**

| আর.এস দাগ | আর.এস খতিয়ান | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) | রেকর্ডীয় শ্রেণি | বর্তমান শ্রেণি | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | খামা | বাড়ি | ভিটি |
| ২৭২৪ অংশ | ২৯৯ | ০.০৯০০ | ০.০৮২৭ | খামা | .. | ০.০৮২৭ | .. |
| ২৭২৭ পূর্ণ | ২১১ | ০.১৩০০ | ০.১৩০০ | খামা | ০.১৩০০ | .. | .. |
| ২৭২৮ অংশ | ৩৭৬ | ০.১৫০০ | ০.১৩১১ | খামা | ০.০০৫০ | ০.১২৬১ | .. |
| ২৭২৯ অংশ | ২৩৮ | ০.১৭০০ | ০.১১৬৩ | খামা | ০.১০৩৩ | ০.০১৩০ | .. |
| ২৭৩১ অংশ | ২৭০ | ০.৩২০০ | ০.০৮২৬ | খামা | ০.০৮২৬ | .. | .. |
| ২৭৪৪ অংশ | ১৩৯ | ০.০৯০০ | ০.০৬৯৪ | খামা | ০.০৬৯৪ | .. | .. |
| ২৭৪৫ অংশ | ৮৭৪, ৬২৩ | ০.০৯০০ | ০.০৭৩৫ | খামা | ০.০৬৩৫ | ০.০১০০ | .. |
| ২৭৪৬ অংশ | ৮৪, ৩২০ | ০.১৩০০ | ০.১০৭৩ | খামা | ০.০৭৮৩ | ০.০২৯০ | .. |
| ২৭৪৭ অংশ | ৩২০ | ০.১২০০ | ০.০৯৮৭ | চালা | .. | ০.০৫৬৭ | ০.০৪২০ |
| ২৭৪৮ অংশ | ১১৩ | ০.২৭০০ | ০.১৪৯০ | খামা | ০.১৪৯০ | .. | .. |
| ২৭৪৯ অংশ | ১১৩ | ০.১২০০ | ০.১০৯৭ | খামা | ০.১০৯৭ | .. | .. |
| ২৭৫০ অংশ | ২৭ | ০.১০০০ | ০.০৮৬৩ | খামা | ০.০৩৮৭ | ০.০৪৭৬ | .. |
| ২৭৫১ অংশ | ১৮২ | ০.০৯০০ | ০.০৭৯০ | খামা | ০.০৭৯০ | .. | .. |
| ২৭৫২ অংশ | ২৭০ | ০.১৫০০ | ০.১২৮৬ | খামা | .. | ০.১২৮৬ | .. |
| ২৭৫৭ অংশ | ০১ | ০.১২০০ | ০.০৬৩০ | খামা | ০.০৬৩০ | .. | .. |
| ২৭৫৮ অংশ | ২৭০ | ০.২২০০ | ০.০৮৯৬ | খামা | .. | ০.০৮৯৬ | .. |
| ২৭৬১ অংশ | ২৭০ | ০.১১০০ | ০.০৫৫০ | খামা | .. | ০.০৫৫০ | .. |
| | | | | | ০.৯৭১৫ | ০.৬৩৮৩ | ০.০৪২০ |

**সর্বমোট ১.৬৫১৮ একর (কম/বেশি)।**

**মোঃ জাহিদ হাসান সিদ্দিকী**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**নবীগঞ্জ, হবিগঞ্জ।**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৬ বৈশাখ ১৪৩২/০৬ মে ২০২৫

নং **০৫.৪৬.৩৬৭৭.০০১.০৫.০১৫.২০২৫-৬৫৫**—এতদ্দ্বারা জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলার ০১নং বড় ভাকৈর(পঃ) ইউনিয়নের ০৩নং ওয়ার্ডের সদস্য জনাব সঞ্জয় কান্তি দাশ, পিতাঃ অধীর দাশ, গ্রামঃ আমড়াখাই, পোঃ বাল্লা জগন্নাথপুর, ইউনিয়নঃ ০১নং বড় ভাকৈর(পঃ) ইউপি, উপজেলাঃ নবীগঞ্জ গত ০১-০৫-২০২৫ খ্রি. তারিখ মৃত্যুবরণ করেছেন। (ইন্না লিল্লাহি ......রাজিউন)।

সেহেতু, আমি মোঃ রুহুল আমিন, উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫ ধারার উপধারা-২ অনুযায়ী আমার উপর অর্পিত ক্ষমতাবলে হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলাধীন ০১নং বড় ভাকৈর(প:) ইউনিয়ন পরিষদের ০৩নং ওয়ার্ডের সদস্য জনাব সঞ্জয় কান্তি দাশ এর পদটি ০১-০৫-২০২৫ খ্রি. হতে শূন্য ঘোষণা করলাম।

**মোঃ রুহুল আমিন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো**
**এফএ অ্যান্ড এমআইএস উইং**

**অফিস আদেশ**

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ/২৪ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৫২.০১.০০০০.১০১.৫০.৩৩৩.০৬(অংশ-১).১৮১৫**—পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ০৫ মে ২০২৫ তারিখের ৫২.০০.০০০০.০০৫.২৫.১৮৯.২৪.৪২৮ সংখ্যক স্মারক মোতাবেক "Enhancing Statistical Leadership for Heads of National Statistics offices in Asia and the Pacific" বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আগামী ২৮—৩০ মে ২০২৫ তারিখে Chiba, Japan -এ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক ২৭—৩১ মে ২০২৫ তারিখ পর্যন্ত বহিঃবাংলাদেশ অবস্থান করবেন।

২। এমতাবস্থায়, ২৭—৩১ মে ২০২৫ তারিখ পর্যন্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপমহাপরিচালক (যুগ্মসচিব) জনাব মোহাম্মদ ওবায়দুল ইসলাম-কে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালকের রুটিন দায়িত্ব প্রদান করা হলো।

**মোহাম্মদ মিজানুর রহমান**
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)।

---

**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**

**বিজ্ঞপ্তি**

তারিখ: 25-MAR -25

নং **আরজেএসসি/ডি, এন/16935**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬(৫) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Mukti Clinic Private Limited [4-R118] নামীয় কোম্পানিটির নাম যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের নিবন্ধন বহি হতে কর্তন করা হল এবং অত্র গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার সঙ্গে সঙ্গে কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

তবে শর্ত থাকে যে, কোম্পানির কোনো পরিচালক এবং সদস্যের যদি কোনো দায় দেনা থাকে তবে তা অব্যাহত থাকবে।

**Md. Harun Or Rashid**
Assistant Registrar.
নিবন্ধকের পক্ষে।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**অধিগ্রহণ মামলা নং-১৫/১৯৭৭-৭৮**

**ফরম-ঘ**

**ঘোষণা**

**[৫(৭) ধারা মোতাবেক]**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের জরুরি হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা অনুযায়ী আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। জনাব মোঃ মতিউর রহমান, জুনিয়র অফিসার, বাংলাদেশ নারী পুনর্বাসন ও কল্যাণ ফাউন্ডেশন এর নিকট গত ২২-০৩-১৯৭৮ খ্রি. তারিখে আনুষ্ঠানিকভাবে দখল হস্তান্তর করা হয়েছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইন এর ৫ ধারার (৭) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা: ধানআটা, জে.এল নং: ৭৩,থানা: সরিষাবাড়ি, জেলা: ময়মনসিংহ।

| এস.এ খতিয়ান নং | এস.এ দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) | শ্রেণি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৯৬ | ৩৬৮ | ১.১৬০০ | ০.৩৯০০ | কান্দা |
| | | মোট= | ০.৩৯০০ একর | |

**সর্বমোট জমির পরিমাণ- ০.৩৯০০ একর।**

দখল নামা ও দাগসূচি অত্র অফিসে সংরক্ষিত আছে।

**হাছিনা বেগম**
জেলা প্রশাসক।

---

**অধিগ্রহণ মামলা নং-৪১/১৯৭৫-৭৬**

**ফরম-ঘ**

**ঘোষণা**

**[৫(৭) ধারা মোতাবেক]**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের জরুরি হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা অনুযায়ী আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং উক্ত আইনের ৫ ধারার (৫) উপধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। পানি উন্নয়ন বোর্ড, টাঙ্গাইল এর অনুকূলে গত ২৮-০৫-১৯৭৭ খ্রি. তারিখে আনুষ্ঠানিকভাবে দখল হস্তান্তর করা হয়েছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইন এর ৫ ধারার (৭) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা: কলাবহ, জে.এল নং: ২৬২,থানা: জামালপুর, জেলা: ময়মনসিংহ।

| এস.এ খতিয়ান নং | এস.এ দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) | শ্রেণি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪২ | ৪ | ০.০৯০০ | ০.০৯০০ | কান্দা |
| ১৬ | ৫ | ০.২৭০০ | ০.২৬০০ | কান্দা |
| ১৬ | ৮ | ১.২৬০০ | ০.১৮০০ | কান্দা |
| ১৬ | ৬৪ | ০.৩৬০০ | ০.০০২৫ | কান্দা |
| ৪৩ | ৬৭ | ০.৫৪০০ | ০.১৯০০ | কান্দা |
| ৪২ | ৬৮ | ০.১৯০০ | ০.১৮০০ | কান্দা |
| ৪৩ | ৬৯ | ০২৩০০ | ০.২০০০ | কান্দা |
| ৪২ | ৭০ | ০.৪২০০ | ০.৩২৭৫ | কান্দা |
| ৪০ | ৭১ | ০.৮৫০০ | ০.০৫০০ | কান্দা |
| | | মোট= | ১.৪৮০০ একর | কান্দা |

**সর্বমোট জমির পরিমাণ- ১.৪৮০০ একর।**

দখল নামা ও দাগসূচি অত্র অফিসে সংরক্ষিত আছে।

**হাছিনা বেগম**
জেলা প্রশাসক।

**এল.এ কেস নং-৫২/১৯৭৫-৭৬**

**ফরম 'ঘ'**

**৫ নং বিধি দ্রষ্টব্য**

**ঘোষণা**

**[১৩(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি, জামালপুর জেলার মাদারগঞ্জ থানাধীন "বন্যা বাধ নিরোধ নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় এল.এ কেস নং ৫২/১৯৭৫-১৯৭৬ মূলে মাদারগঞ্জ উপজেলাধীন গড়পাড়া মৌজায় ৬.৬১০০ (ছয় দশমিক ছয় এক শূন্য শূন্য) একর জমি অধিগ্রহণ করা হইয়াছে। প্রকল্প বাস্তবায়নের জন্য বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন-২০১৭ এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইন এর ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা: গড়পাড়া, জে.এল নং-১৫, উপজেলা-মাদারগঞ্জ, জেলা: জামালপুর।

| সি,এস খতিয়ান নং | সি,এস দাগ নং | দাগের মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) | রেকর্ডীয় শ্রেণি | শ্রেণিভিত্তিক জমির পরিমাণ (একরে) | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | বাড়ি/ভিটি | কান্দা | নামা | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬(ক) | ৬(খ) | ৬(গ) | |
| ৫, ১২ | ১ | ১.০৩ | ০.১৬০০ | .. | .. | .. | ০.১৬০০ | দক্ষিণাংশ |
| ১২ | ২ | ০. ০৩০০ | ০.০১০০ | .. | .. | .. | ০.০১০০ | উত্তরাংশ |
| ৫ | ৫ | ০.৮১০০ | ০.১০০০ | .. | .. | .. | ০.১০০০ | মধ্যাংশ |
| ৭ | ৭ | ০.৮১০০ | ০.১৪০০ | .. | .. | .. | ০.১৪০০ | দঃ মধ্যাংশ |
| ১৪ | ১৩ | ০.১৪০০ | ০.১১০০ | .. | .. | .. | ০.১১০০ | উঃ পশ্চিমাংশ |
| ১০ | ১৪ | ০.৫৩০০ | ০.১৬০০ | .. | .. | .. | ০.১৬০০ | দক্ষিণাংশ |
| ১১ | ১৫ | ২.৫০০০ | ১.০৫০০ | .. | .. | .. | ১.০৫০০ | মধ্যাংশ |
| ২২ | ১৭ | ০.৯৬০০ | ০.২৩০০ | .. | .. | .. | ০.২৩০০ | উত্তরাংশ |
| ৬ | ১৮ | ১.৯২০০ | ০.১২০০ | .. | .. | .. | ০.১২০০ | দক্ষিণাংশ |
| ১৬ | ২৬ | ০.৫৩০০ | ০.৪০০০ | .. | .. | .. | ০.৪০০০ | দক্ষিণাংশ |
| ১৬ | ২৭ | ০.৩৩০০ | ০.১৮০০ | .. | .. | .. | ০.১৮০০ | দক্ষিণাংশ |
| ১৬ | ২৮ | ০.৩২০০ | ০.১৩০০ | .. | .. | .. | ০.১৩০০ | উত্তরাংশ |
| ১৬ | ২৯ | ০.২৪০০ | ০.০৭০০ | .. | .. | .. | ০.০৭০০ | উত্তরাংশ |
| ১৬ | ৩০ | ০.২১০০ | ০.০৪০০ | .. | .. | .. | ০.০৪০০ | উত্তরাংশ |
| ১৫ | ৩৭ | ০.২৬০০ | ০.০৭০০ | .. | .. | .. | ০.০৭০০ | উত্তরাংশ |
| ৬ | ৩৮ | ০.২৫০০ | ০.০৪০০ | .. | .. | .. | ০.০৪০০ | উত্তরাংশ |
| ২০ | ৩৯ | ৫.৪৯০০ | ১.৭০০০ | .. | .. | .. | ১.৭০০০ | দঃ মধ্যাংশ |
| ১৮ | ৫০ | ১.৩৭০০ | ০.০৩০০ | .. | .. | .. | ০.০৩০০ | পঃ দক্ষিণাংশ |
| ১৮ | ৫২ | ১.১০০০ | ০.৪০০০ | .. | .. | .. | ০.৪০০০ | পঃ দক্ষিণাংশ |
| ৮/১৩ | ৫৩ | ১.১০০০ | ০.৪০০০ | .. | .. | .. | ০.৪০০০ | পঃ দক্ষিণাংশ |
| ১৯ | ৫৪ | ০.৫৬০০ | ০.১৮০০ | .. | .. | .. | ০.১৮০০ | পঃ দক্ষিণাংশ |
| ১৯ | ৫৫ | ০.৬০০০ | ০.৩৩০০ | .. | .. | .. | ০.৩৩০০ | পঃ দক্ষিণাংশ |
| ১৭ | ৫৭ | ১.৬৮০০ | ০.৫৬০০ | .. | .. | .. | ০.৫৬০০ | পূর্বাংশ |
| | | মোট= | ৬.৬১০০ একর | | | | ৬.৬১০০ | |

অধিগ্রহণকৃত ভূমির নকশা ও দাগসূচি অত্র অফিসে সংরক্ষিত আছে।

**হাছিনা বেগম**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ।**

**ভূমি অধিগ্রহণ শাখা**

**এল.এ মামলা নম্বর ০৬/২০২২-২০২৩**

**ফরম-ঘ**

**ঘোষণা**

**[১৩(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী “স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭” এর ১৩ এর উপধারা (২) এর অধীন উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, উক্ত আইন অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা: দেওতৈল, জে.এল. নং: ১২৫, উপজেলা: নবীগঞ্জ, জেলা: হবিগঞ্জ

| খতিয়ান নম্বর (আর এস) | দাগ নম্বর (আর,এস) | শ্রেণি | পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ২৮০ | ১৩০৮ | আমন | ০.০০১২ |
| ২৪৫ | ১৩০৯ | বাড়ি | ০.০০৬৮ |
| ৫৫৭ | ১৩১০ | আমন | ০.০২৫৫ |
| ৯৯ | ১৩১৫ | আমন | ০.১২৫০ |
| ৯৯ | ১৩১৫ | বাড়ি | ০.০৪ |
| ৩, ১৭৪ | ১৩১৭ | আমন | ০.২৩৭৫ |
| ৩৭১ | ১৩২২ | আমন | ০.২৫৫০ |
| ৩৭১ | ১৩২৩ | আমন | ০.১১ |
| ৩৭১ | ১৩৩০ | আমন | ০.১১৫০ |
| ১০১ | ১৩৩১ | আমন | ০.০১৩৬ |
| ৩২১ | ১৩৩৫ | আমন | ০.১৫১০ |
| ৫২/১ | ১৩৪৪ | আমন | ০.১৪৫০ |
| ২২০ | ১৩৫৩ | আমন | ০.০২৭০ |
| ২৯৩ | ১৩৫৪ | আমন | ০.০৩১০ |
| ৪৫১ | ১৩৫৫ | আমন | ০.১৩ |
| ৩৭১ | ১৩৬২ | আমন | ০.০২ |
| ৫৮১ | ১৩৬৩ | আমন | ০.০৪ |
| ৫৭২ | ১৩৬৭ | আমন | ০.০১ |
| ৫৭৮, ৪৮৯ | ১৩৭১ | আমন | ০.১৩ |
| ৫৭৮, ৪৮৯ | ১৩৭১ | বাড়ি | ০.১০ |
| ৩৭৬ | ১৩৭২ | আমন | ০.০৬৯৯ |
| ৪৮৯ | ১৩৭৬ | আমন | ০.০০১১ |
| ৫২/১ | ১৩৭৭ | আমন | ০.০২৭৫ |
| ৫২/১ | ১৩৭৮ | আমন | ০.০২৩০ |
| ৩৩৪, ৫৮৯ | ১৩৭৯ | আমন | ০.০৭৭৭ |
| ৩৭১ | ১৩৮০ | আমন | ০.০৭০৫ |
| ১১০ | ১৪২৫ | আমন | ০.০৪৬৩ |
| ১০১ | ১৪২৬ | আমন | ০.১২৫০ |
| ২০০ | ১৪২৭ | বাড়ি | ০.১১ |
| ৫০২ | ১৪৩১ | আমন | ০.১২৫৫ |
| ১২৭ | ১৪৩২ | বাড়ি | ০.১৪ |
| ১০১ | ১৪৩৩ | বাড়ি | ০.১৮ |
| ২০০ | ১৪৩৪ | আমন | ০.২০ |
| ১০১ | ১৪৩৫ | আমন | ০.১২ |
| ১৬৪ | ১৪৩৭ | বাড়ি | ০.৫১ |
| ১, ১৬৪ | ১৪৩৮ | ভিটি | ০.১০ |
| ১ | ১৪৪৭ | কবরস্থান | ০.০৯ |
| ১ | ১৪৮৮ | কবরস্থান | ০.৩৮ |

মোট= ৪.১১০১ একর

মৌজা: মিনাজপুর, জে.এল. নং: ১২৪, উপজেলা: নবীগঞ্জ, জেলা: হবিগঞ্জ

| খতিয়ান নম্বর (আর এস) | দাগ নম্বর (আর,এস) | শ্রেণি | পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ১/১ | ১২৮ | বরন্ডী | ০.০২১৪ |
| ১৩৯, ১৬১, ১৯৬ | ১২৯ | বাড়ি | ০.১১৮৫ |
| ১ | ১৬১ | হালট | ০.০১৮৫ |
| ১/১ | ১৬৫ | বাড়ি | ০.০৩৯৯ |
| ১ | ১৬৬ | হালট | ০.০১৫০ |
| ৭১ | ১৬৭ | আমন | ০.০৫ |
| ২০, ৮১ | ১৬৮ | আউষ | ০.০০৪২ |
| ৮১ | ১৬৯ | আউষ | ০.০৯ |
| ২০৮ | ১৭০ | আউষ | ০.০৬৭৪ |
| ৭১ | ১৭২ | আউষ | ০.২৪৬৭ |
| ১৯৯, ২০০ | ১৭৩ | পুকুর | ০.১৯ |
| ১৯৯, ২০০ | ১৭৩ | বাড়ি | ০.২৫২০ |
| ২২৪ | ১৮৯ | আউষ | ০.১৪৭০ |
| ১৫৩ | ১৯০ | বাড়ি | ০.২৯৯৮ |
| ১৯০ | ১৯১ | চারা | ০.০৩৭৬ |
| ১/১, ১৭৬ | ১৯২ | পুকুর | ০.২৬ |

| খতিয়ান নম্বর (আর এস) | দাগ নম্বর (আর,এস) | শ্রেণি | পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ১/১, ১৭৬ | ১৯২ | বাড়ি | ০.১২৫৪ |
| ১৭৬ | ১৯৩ | বাড়ি | ০.০৮ |
| ১ | ৩২০ | রাস্তা | ০.০৭৩৯ |
| ১ | ৩২২ | খাল | ০.১১২৭ |
| ১/১, ১ | ৩২৪ | রাস্তা | ০.০৮৭৪ |
| ১/১, ২১ | ৩২৫ | বাড়ি | ০.২৭৪০ |
| ১/১, ২১ | ৩২৫ | পুকুর | ০.২৮ |
| ৫৬, ৫৭ | ৩২৬ | বাড়ি | ০.৩১২২ |
| ৫৬, ৫৭ | ৩২৬ | পুকুর | ০.২৫ |
| ১২৮ | ৩২৭ | রাস্তা | ০.০৪৬৭ |
| ১২৬ | ৩২৮ | আউষ | ০.১১২৩ |
| ১২৬ | ৩২৯ | আউষ | ০.০০৪৬ |
| ১২৬ | ৩৩০ | বাড়ি | ০.০৬৯০ |
| ১৩৮ | ৩৩১ | আউষ | ০.০৬১৩ |
| ১৪৩ | ৩৩২ | আউষ | ০.১৪ |
| ১৪৩ | ৩৩৩ | আউষ | ০.০৫ |
| ১৩৪ | ৩৩৪ | আউষ | ০.০৪৩১ |
| ০৯ | ৩৩৫ | আউষ | ০.৩০৫৮ |
| ১৩৪ | ৩৪০ | আউষ | ০.০৩৬২ |
| ১৩৪ | ৩৪১ | আউষ | ০.১৫৭৩ |
| ৪৮ | ৩৪২ | সাইল | ০.০৬৯১ |
| ৪৮ | ৩৪৩ | আউষ | ০.০০৭০ |

মোট= ৪.৫৫৬০ একর

মৌজা: মিঠাপুর, জে.এল. নং: ১২৬, উপজেলা: নবীগঞ্জ, জেলা: হবিগঞ্জ

| খতিয়ান নম্বর (আর এস) | দাগ নম্বর (আর,এস) | শ্রেণি | পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ২৪৯ | ৭৯ | আমন | ০.৩২ |
| ৯৮, ৯৯ | ৮০ | আমন | ০.১৪৬২ |
| ৭৯ | ৮২ | আমন | ০.২০১০ |
| ১৫২ | ৮৩ | আমন | ০.০৪৭০ |
| ১৫২ | ৮৩ | দোকান | ০.০৮৯৫ |
| ১৮৪ | ৮৪ | আমন | ০.১৩৯৫ |
| ৭ | ৮৫ | আমন | ০.০৪ |
| ৭৯ | ৮৬ | আমন | ০.০১ |
| ৩১ | ৮৭ | আমন | ০.০৪ |
| ৭ | ৮৮ | আমন | ০.০৮৫০ |
| ২৫৮ | ৮৯ | আমন | ০.০৭৩৩ |
| ১৯৫ | ৯০ | আমন | ০.০৮৪৩ |
| ৭ | ৯৬ | আমন | ০.০৭১০ |
| ২৪৯ | ১০২ | আমন | ০.০৪৪৩ |
| ১৯৭ | ১০৩ | আমন | ০.১০৪১ |
| ৯৯ | ১০৪ | আমন | ০.০৯ |
| ৯৯ | ১০৪ | বাড়ি | ০.০৬ |
| ৯৯ | ১০৪ | দোকান | ০.০৫ |
| ১৮৪ | ১০৫ | আমন | ০.০৯ |
| ১৭৫ | ১০৬ | আমন | ০.০২ |
| ২০৩ | ১০৭ | আমন | ০.১৪ |
| ৮ | ৪৩৪ | আমন | ০.০৯ |
| ১৬৫ | ৪৪৯ | আমন | ০.০৭৭০ |
| ১৬৫ | ৪৫১ | আমন | ০.০৯ |
| ১৩৭ | ৪৫৬ | আমন | ০.০৫৩২ |
| ১৭২ | ১০৮ | আমন | ০.০৯১২ |
| ১৯৩ | ১০৯ | আমন | ০.০৭৪৫ |
| ৯৮ | ১২৪ | আমন | ০.১৩৯৪ |
| ২৪৯ | ১২৫ | আমন | ০.৩৫ |
| ১২৩, ২৮২ | ১৩১ | আমন | ০.০২৮০ |
| ৭৯ | ১৪৪ | আমন | ০.০৩৬৩ |
| ১/১, ৯ | ২২১ | আমন | ০.০২ |
| ১/১, ৬৭, ২৬৮ | ৪০৮ | আমন | ০.০০১৫ |
| ৬৭ | ৪১১ | আমন | ০.০৭ |
| ১০৫ | ৪১২ | আমন | ০.০৪১৬ |
| ৩৩ | ৪১৩ | আমন | ০.০০৯০ |
| ৬৮ | ৪১৪ | আমন | ০.০০৬৬ |
| ১৬৫, ১৪৭ | ৪২০ | আমন | ০.০৯ |
| ৭১ | ৪২১ | আমন | ০.০৭ |
| ৪, ১০৫, ১৩৭ | ৪২৪ | আমন | ০.০৯৩৩ |
| ৪, ১৩৭ | ৪২৫ | আমন | ০.০৬৬০ |
| ৪, ১৪৭ | ৪২৬ | আমন | ০.০৬৯০ |
| ৪, ২০ | ৪২৭ | আমন | ০.০৮৪২ |
| ৩৯, ৭১ | ৪২৮ | বাড়ি | ০.০৩৭৬ |
| ৭১ | ৪২৯ | চারা | ০.০২ |
| ১৯৬ | ৪৩৩ | আমন | ০.০৫ |
| ১/১ | ৪৩৫ | বাড়ি | ০.০২২৩ |
| ১০৫ | ৪৫০ | আমন | ০.০৩৩৪ |
| ১৩৮ | ৪৫৫ | আমন | ০.১২৩০ |
| ৬৮ | ৪৫৭ | চারা | ০.০০৮১ |

মোট= ৩.৮৯০৪ একর

অধিগ্রহণকৃত ভূমির নকশা জেলা প্রশাসকের কার্যালয় ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

**ড. মো: ফরিদুর রহমান**
জেলা প্রশাসক।